

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.০৬৭.২০১৬-৬৭৯


তারিখ : ২৩/৩/১৬

বিষয় : রীট পিটিশন নং-১৪১৭/২০১৬, বাদী জনাব আবু সিদ্দিক আবু, পিতা-মৃত হাজী ছাবেদ আলী, গ্রাম-উত্তর
প্রিমাশিয়া (মৌলভী পারা), থানা- বাঁশখালী, জেলা-চট্টগ্রাম-বনাম-সরকার ও অন্যান্য মামলায়
প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার অন্তর্গত ৩নং খানখানাবাদ ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ড, ৬নং ওয়ার্ড,
৮নং ওয়ার্ডের ভোটারদের পুনঃ বিন্যাস সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার
বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৪১৭/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন।
বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য
রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী
জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise
statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি
ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের
মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর
বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(পাপিয়া ঘোষ)
সহকারী সচিব
ফোন-৯৫৪০৯৯৫।

- ১। জেলা প্রশাসক
চট্টগ্রাম।
- ২। সিনিয়র সহকারী সচিব (ইপ-১)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার
বাঁশখালী, চট্টগ্রাম।

সদয় অবগতির জন্য অনুলিপি :

সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।